

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮৯

১/ বিবিধ

আরবী

لوأذن الله لأهل الجنة فى التجارة لاتجروا بالبز والعطر
ضعيف

أخرجه العقيلي فى " الضعفاء " (229) والطبراني فى " الصغير " (ص 145) وفى " الأوسط " (1 / 135 / 1) وأبو نعيم فى " الحلية " (10 / 365) وأبو عبد الرحمن السلمي فى " طبقات الصوفية " (ص 410) وأبو عثمان البجيرمي فى " الفوائد " (2 / 3 / 1) ومكي المؤذن فى " حديثه " (2 / 230) وابن عساكر (14 / 337 / 1) من طريق عبد الرحمن ابن أيوب السكوني الحمصي: حدثنا عطف بن خالد عن نافع عن ابن عمر مرفوعا، وقال الطبراني: تفرد به ابن أيوب. قلت: قال الذهبي فى " الميزان وأقره الحافظ فى اللسان لا يجوز أن يحتج بهذا، وقال العقيلي عقب الحديث لا يتابع عليه، ثم قال ليس بمحفوظ عن نافع، وإنما يروي بإسناد مجهول، ثم ساقه من طريق أخرى مرفوعا نحوه وهو (الأتي)

বাংলা

৩৮৯। যদি জান্নাতীদেরকে আল্লাহ তা'আলা ব্যবসা করার অনুমতি দিতেন; তাহলে তারা সুতী কাপড়ের এবং আতরের ব্যবসা করত।

হাদীসটি দুর্বল।

এটি উকায়লী "আয-যুযাফা" গ্রন্থে (২২৯), তাবারানী "মুজামুস সাগীর" গ্রন্থে (পৃ. ১৪৫) এবং "মুজামুল আওসাত" গ্রন্থে (১/১৩৫/১), আবু নুইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (১০/৩৬৫), আবু আবদির রহমান সুলামী "তাবাকাতুস সুফিয়া" গ্রন্থে (পৃ. ৪১০), আবু উসমান আন-নুজায়রী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৩/১), মাক্কী আল-মুয়াযযিন তার "আল-হাদীস" গ্রন্থে (২/২৩০) এবং ইবনু আসাকির (১৪/৩৩৭/১) আব্দুর রহমান ইবনু আইউব সাকুনী আল-হিমসী সূত্রে আত্তাফ ইবনু খালিদ হতে ... বর্ণনা করেছেন।

অতঃপর তাবারানী বলেনঃ ইবনু আইউব এককভাবে এটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ এর দ্বারা দলীল গ্রহণ করা না জায়েয। হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তা স্বীকার করেছেন।

উকায়লী হাদীসটির শেষে বলেনঃ তার অনুসরণ করা যায় না। অতঃপর বলেছেনঃ এটি নাফে হতে মাহফুজ নয়, মাজহুল সনদে এটি বর্ণনা করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67974>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন